

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১২৬০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯২. ফজরের দু' রাক'আত সুন্নাত সংক্ষেপ করা প্রসঙ্গে

باب فِي تَخْفِيفِهِمَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ بْنِ سُفْيَانَ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ عُثْمَانَ بْنِ عُمَرَ، - يَعْنِي ابْنَ مُوسَى عَنْ أَبِي الْغَيْثِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي رَكْعَتَيْ الْفَجْرِ ( قُلْ آمَنَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ عَلَيْنَا ) فِي الرُّكْعَةِ الْأُولَى وَفِي الرُّكْعَةِ الْآخَرَى بِهَذِهِ الْآيَةِ ( رَبَّنَا آمَنَّا بِمَا أُنْزِلَتْ وَاتَّبَعْنَا الرَّسُولَ فَاكْتُبْنَا مَعَ الشَّاهِدِينَ ) أَوْ ( إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا وَلَا تُسْأَلُ عَنْ أَصْحَابِ الْجَحِيمِ ) شَكَّ الدَّرَاوَرْدِيُّ .

- حسن و أخرجه البيهقي دون قوله : أَوْ ( إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا وَلَا تُسْأَلُ عَنْ أَصْحَابِ الْجَحِيمِ )

বাংলা

১২৬০। আবু হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ফজরের দু' রাক'আতের প্রথম রাক'আতে "কুল আমান্না বিল্লাহি ওয়ামা উনযিলা 'আলাইনা" (সূরাহ আলে 'ইমরান : ৮৪) তিলাওয়াত করতে শুনেছেন। আর দ্বিতীয় রাক'আতে তিলাওয়াত করতে শুনেছেন এ আয়াতঃ "রব্বানা আমান্না বিমা আনযালতা ওয়াত্তাবনা'নার রসূলা ফাক্তুবনা মা'আশ্ শাহিদীন" (সূরাহ আলে-'ইমরান : ৫৩) অথবা "ইন্না আরসালনাকা বিলহাক্কি বাশীরাও ওয়া নাযীরা, ওয়ালা তুসআলু 'আন আসহাবিল জাহীম" (সূরাহ আল-বাক্বারাহ : ১১৯)।[1]

হাসান : বায়হাক্কী এটি বর্ণনা করেছেন তার এ কথাটি বাদে : অথবা "ইন্না আরসালনাকা বিলহাক্কি বাশীরাও ওয়া নাযীরা, ওয়ালা তুসআলু 'আন আসহাবিল জাহীম" (সূরাহ আল-বাক্বারাহ : ১১৯)

## English

Narrated Abu Hurairah:

That he heard the Prophet (ﷺ) recite in both rak'ahs of the dawn: "Say: We believe in Allah, and in the revelation given to us" (3:84). This is in the first rak'ah. In the second rak'ah he recited this verse: "Our Lord, we have believed in what You have sent down, and we follow the Messenger, so write us down among those who bear witness." or he recited: "Surely, we have sent you with the truth as a bringer of glad tidings, and a warner. And you will not be asked about the inhabitants of the Blazing Fire" (2:119). Al-Darawardi doubted (which of the verse he recited).

## ফুটনোট

[1] আবু দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58578>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন